দৈনিক বাংলা

তারিখ 26 AUG 1995
পৃষ্ঠা ৬ কলাম ১

75

# যশোর বোর্ডের খাতা গায়েব ঃ মামলা দায়ের

যশোর ব্যুরো ঃ যশোর শিক্ষা বোর্ডের সদ্য সমাপ্ত এইচএসসি পরীক্ষার ইংরেজী প্রথমপত্রের খাতা গায়েব সম্পর্কে বোর্ডের তরফে, যশোর কোতোয়ালী থানায় মামলা দায়ের হয়েছে।

পুলিশ জানায়, শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর নাজিমউদ্দীন নিজে বাদী হয়ে বুধবার ওই মামলা দায়ের করেন। গত ২৫ জুলাই ভান্ডারিয়া কলেজের ইংরেজী প্রভাষক সুলতান আহমদের ভুয়া পরিচয় দিয়ে জাল কাগজপত্রের মাধ্যমে একটি প্রতারকচক্র ৭শ ৫০টি খাতা উত্তোলন করে। এর ৩শ' ৫০টি খাতাসহ দুই প্রতারক খুলনার একটি হোটেল থেকে আটক হয় ১৪' আগস্ট। বাকি ৩শ' ৫০টি খাতা পরিত্যক্ত অবস্থায় পাওয়া যায় সাতক্ষীরা শহরে গত ১৯ আগস্ট। এ ব্যাপারে শিক্ষা বোর্ড একটি নিজস্ব তদন্ত কমিটিও গঠন করেছে।